ভোরের কাগজ

তারিখ ... JUL 1 4 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

১৪

## মাধ্যমিক পর্যায়ের পাঠ্যবইয়ে (গণিত) সংশোধন প্রয়োজন

নবম-দশম শ্রেণীর সাধারণ গণিত ও উচ্চতর গণিত বইয়ের উত্তরমালায় কিছু কিছু ভুল বা অসম্পূর্ণ উত্তর পরিলক্ষিত হয়। এক সমীক্ষায় দেখা গেছে যে, ঐ সকল ভুল বা অসম্পূর্ণ উত্তরকে শুদ্ধ মনে করে কিছু কিছু তথাকথিত অভিজ্ঞ শিক্ষকগণ কোমলমতি শিক্ষার্থীদের ভুল শিক্ষা দিচ্ছেন। এর কারণ ঐ সকল শিক্ষকগণ নিজেদের ১৫/২০ বছরের অভিজ্ঞ শিক্ষক দাবি করলেও প্রকৃতপক্ষে তারা নতুন সংস্করণের বইয়ে অনভিজ্ঞ। ফলে তারা বাজারের নিম্নমানের গাইড বই অনুসরণ করে অঙ্কের গভীরে না পৌছে ভুল যুক্তি দিয়ে পাঠ্য বইয়ের ভুল বা অসম্পূর্ণ উত্তরের সঙ্গে মিল রেখে শিক্ষার্থীদের ভুল শিক্ষা দিচ্ছেন। পাঠ্য বইয়ের ভুল বা অসম্পূর্ণ উত্তরের কিছু নমুনা উল্লেখ করা হলো।

সাধারণ গণিত (বীজগণিত) : প্রশ্নে ভুল (অনুঃ ৬.৮ নং ২, ৩, ৪); অসম্পূর্ণ উত্তর [অনুঃ ৫.১ নং ১২ (iii), ২৯ (iii)। অনুঃ ৬.৬ নং ১৪] উচ্চতর গণিত (বীজ গণিত): ভুল উত্তর (অনুঃ ৬.৪' নং ১০) উচ্চতর গণিত (ত্রিকোণমিতি): ভুল উত্তর [অনুঃ ৮.৩ নং ৬ (i)]; অসম্পূর্ণ উত্তর [অনুঃ ৮.৩ নং ৬ (x)]।

এছাড়া উচ্চতর গণিতে বীজগণিত অংশের ৫.১ অনুশীলনীর কোনো উত্তরমালা না থাকায় তথাকথিত অভিজ্ঞ শিক্ষকগণ শিক্ষার্থীদের ভুল শিক্ষা দিচ্ছেন। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

দেবব্রত সেন
৫৮৮, দনিয়া বাজার, ঢাকা-১২৩৬।